নিয়োগ পরীক্ষার সময়সূচির আংশিক পরিবর্তন

মেহেরপুরসহ কয়েকটি জেলার পুলিশ কনষ্টেবল রিক্রুট (টিআরসি) পরীক্ষার সময়সূচী আংশিক পরিবর্তন করা হয়েছে। সংশোধিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট জেলার পুলিশ লাইনস মাঠে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়,সংশোধিত সময়সূচি অনুযায়ী ঢাকা,রাজবাড়ী,ফেনী,লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা,বগুড়া দিনাজপুর, সিলেট, কালকাঠি,পটুয়াখালী, নারায়ণগঞ্জ,মুন্সিগঞ্জ,কক্সবাজার,মেহেরপুর, নাটোর, লালমনিরহাট, গাইবান্ধা, শেরপুর, ভোলা, বরগুন,ময়মনসিংহ,গাজীপুর,শরীয়তপুর জেলায় তিন পরীক্ষার সময়সূচিতেই পরিবর্তন আনা হয়েছে।

সংশোধিত সময়সূচি অনুযায়ী এসব জেলায় শারীরিক মাপ, কাগজপত্র যাছাই ও ফিজিক্যাল এনডিউরেন্স টেস্ট হবে ২০-২৩ ফ্রেব্রুয়ারি সকাল ৮টায়। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ মার্চ সকাল ১০টায়। মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা হবে ২৩ মার্চ সকাল ১০টায়।

পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী এসব জেলায় শারীরিক মাপ ও ফিজিক্যাল এনডিউরেন্স টেস্ট হওয়ার কথা ছিল ২২-২৪ ফেব্রুয়ারি সকাল ৮টায়।

গাংনীতে মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের আওতায় করমদি গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

অনুপুষ্টি সম্পন্ন দেশীয় ছোট প্রজাতির মাছ চাষ প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার মৎস্য চাষী ও সংস্থার কর্মকর্তাবৃন্দ।

এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল

খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে দেশি মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তি স্থানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে হুইল চেয়ার বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর উদ্যোগে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় হুইল চেয়ার প্রদান হয়েছে।

আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের মোট ৫ জন শ্রেষ্ঠ প্রবীণ এবং ৫ জন শ্রেষ্ঠ সন্তানকে সম্মাননা প্রদান করা হয় এছাড়াও ২ জন অসহায় পঙ্গু ব্যাক্তিকে হুইল চেয়ার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সভাপতি মোঃ রমজান আলী, ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিব, তেঁতুলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা বিশ্বাস, ইউনিয়ন সমাজকর্মী মোঃ সাদ্দাম হোসেন ও এসডিও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারি মোঃ জামিদুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে সশস্ত্র বাহিনী বোর্ডের মতবিনিময় সভা

সশস্ত্র বাহিনী বোর্ডের উদ্যোগে মেহেরপুর সদর গাংনী ও মুজিব নগর উপজেলার সশস্ত্র বাহিনী প্রাক্তন সদস্যদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করেছে।

বুধবার (১৪ ফেব্রুয়ারি) দুপুর ১ টা ৩০ মিনিটের সময় বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিটের কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিট কমান্ডের সভাপতি মোঃ মিনারুল ইসলামের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেজর মোছাঃ সাবিনা খাতুন।

এসময় তিনি সশস্ত্র বাহিনীর প্রাক্তন সদস্যদের ন্যায্য দাবী যথা প্রাক্তন সেনাসদস্যদের স্ত্রী-ছেলেমেয়ে বাবা-মা সহ দেশের যেকোন সরকারি হাসপাতালে সকল রোগের সম্পূর্ণ ফ্রী চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা এইসকল বিষয় নিয়ে উপস্থিত প্রাক্তন সদস্যদের সুখ-দুঃখের বিভিন্ন কথা ধৈর্য সহকারে শুনেন এবং পরবর্তী কার্যক্রমের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন বলে আশ্বাস প্রদান করেন।

এ ছাড়াও সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ মাহবুবুর রহমান,বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিট কমান্ডের বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা মেহেরপুর জেলা ইউনিট কমান্ডেরর সাধারণ সম্পাদক আব্দুল মান্নান, কোষাধক্ষ্য আব্দুল হামিদ ও অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সাংবাদিকের উপর হামলার ঘটনায় মানববন্ধন

মেহেরপুরের আমঝুপিতে পেশাগত দায়িত্ব পালনকালে বেসরকারি টিভি “চ্যানেলটোয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও জবাবদিহি পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেলের উপর বর্বরোচিত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ঘন্টাব্যাপি মানববন্ধন কর্মসূচি পালন করেছে মেহেরপুর প্রেসক্লাব ও বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) বেলা ১২ টার সময় মেহেরপুর প্রেসক্লাবের সামনের সড়কে এই দীর্ঘ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।
মানববন্ধনে সভাপতিত্ব করেন মেহেরপুর প্রেসক্লাবের আহবায়ক মহসিন আলী আঙ্গুর।

বক্তব্য রাখেন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাবেক সভাপতি ফারুক হোসেন, আলামিন হোসেন, প্রেসক্লাবের সাবেক উপদেষ্টা ও বাংলাভিশনের স্টাফ রিপোর্টার তুহিন আরণ্য, মেহেরপুর প্রেসক্লাবের সাধারন সম্পাদক মাজেদুল হক মানিক, সাবেক সাধারণ সম্পাদক রফিক উল আলম, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি প্রিন্স, গাংনী রিপোর্টার ক্লাবের সভাপতি আনারুল ইসলাম বাবু, সামাজিক সংগঠণ “জাগো মেহেরপুর” এর মুখপাত্র সোয়েব রহমান,আন্তর্জাতিক মানবাধিকার সংস্থার কর্মী দিলারা পারভীন, সামাজিক সংগঠন উই আর ফর পিপলস এর সংগঠক খন্দকার মুইজ।

মানববন্ধনে বক্তারা বলেন, সাংবাদিক সমাজের দর্পণ। সমাজের নানা অসঙ্গতি তুলে ধরেন সাংবাদিকরা। তাদের উপর বর্বরোচিত হামলা মানে পুরো সমাজের উপর হামলা। তারা বলেন, উন্নয়নে মেহেরপুরে এগিয়ে যাচ্ছে। সাংবাদিকরা জেলার নানা ধরনের অসঙ্গতি যেমন তুলে ধরছেন, তেমনি সমাজের উন্নয়ন নিয়েও কাজ করছেন। সমাজের এই উন্নয়নকে বাধাগ্রস্ত করতেই দুর্বৃত্তরা পরিকল্পিতভাবেই দুই সাংবাদিকের উপর হামলা চালিয়েছে। এই হামলার সাথে জড়িতদের আটক করে দৃষ্টান্তমুলক শাস্তির ব্যবস্থা করতে হবে। এইসব দুস্কৃতিকারীদের সাথে যারা জড়িত তাদেরও খুঁজে বের করার জন্য পুলিশ বিভাগের কাছে অনুরোধ জানান

বক্তারা। এই বর্বরোচিত হামলার ঘটনায় মেহেরপুর জেলা পুলিশের ভূমিকার প্রশংসা করেন সাংবাদিকবৃন্দ।

মানববন্ধনে মেহেরপুরের সাংবাদিক সমাজের পাশাপাশি রাজনৈতিক দল, মানবাধিকার সংস্থা, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেনী পেশার মানুষ যোগ দেন।

উল্লেখ, গত সোমবার (১২ ফেব্রুয়ারি) বেলা ১২ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপিতে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে একজন নিহত হন। এই ঘটনায় সংবাদ সংগ্রহ করতে গিয়ে দুর্বৃত্তদের হামলায় আহত হন বেসরকারি টিভি “চ্যানেল ২৪” এর মেহেরপুরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও জবাবদিহি পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল।

মানব উন্নয়ন কেন্দ্র নামের একটি এনজিও সংস্থার দপ্তরের সামনে এই হামলার ঘটনা ঘটে।

এঘটনায় সাংবাদিক রাশেদুজ্জামান বাদী হয়ে সদর থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় এজাহার নামীয় ৭ ও অজ্ঞাত ১০/১২ জনকে আসামি করা হয়েছে। মামলার প্রধান আসামি আকাশ (২৮) ও দুই নং আসামি আবু লায়েসকে গ্রেফতার করেছে পুলিশ।

মেহেরপুরে মাদকাসক্ত যুবককে কারাদণ্ড

মাদক সেবনের অভিযোগে হেলাল উদ্দিন নামের এক মাদকসেবিকে দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম।

দণ্ডিত হেলাল উদ্দিন সদর উপজেলার কালীগাংনী ভিটা পাড়া গ্রামের জহির উদ্দীনের ছেলে। সে এলাকার একজন চিহ্নিত মাদকসেবী।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকালের দিকে কালীগাংনী গ্রামে

ভ্রাম্যমান আদালত বসিয়ে এই রায় দেন।

এর আগে এর আগে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে কালিগাংনী গ্রামে অভিযান চালিয়ে মাদক সেবন অবস্থায় তাকে আটক করেন। পরে ভ্রাম্যমান আদালতে নেয়া হয়।

সহকারী কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম জানান, মাদক সেবনের কথা শিকার করায় তাকে ২ মাস বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা জরিমানা করা হয়। দণ্ডিত হেলাল উদ্দিনকে বিকেলেই মেহেরপুর জেলা করাগারে পাঠানো হয়েছে।

গাংনীর কাথুলীতে নবনির্বাচিত এমপি নাজমুল হক সাগরকে গণসংবর্ধনা

গাংনীর কাঁথুলী ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ৭৪ মেহেরপুর ২ গাংনী আসনের নবনির্বাচিত এমপি আবু সালেহ মোঃ নাজমুল হক সাগরকে গণসংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকেল ৩ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদ চত্বরে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজার সঞ্চালনায় ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক ও ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের জনসাস্থ্য বিষয়ক সম্পাদক ও ৭৪ মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, গাংনীর পৌর মেয়র আহমেদ আলী, গাংনী পৌরসভার সাবেক মেয়র মোঃ আশরাফুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, বামুন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক সহ ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য বাবুল আক্তার, ২নং ওয়ার্ডের ইউ পি সদস্য জিনারুল ইসলাম, ৩নং ওয়ার্ডের ইউ পি সদস্য আশরাফুল ইসলাম, ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য আনারুল ইসলাম, ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য ফারুক হোসেন, ৬ নং ওয়ার্ডের ইউ পি সদস্য হোসাইন মোহাম্মদ, ৭ নং ওয়ার্ডের ইউ পি সদস্য আজমাইন হোসেন টুটুল, ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য কাবের আলী ও ৯ নং ওয়ার্ডের ইউ পি সদস্য আনারুল ইসলাম, এবং কাথুলী ইউনিয়নের বিভিন্ন গ্রামের বীর মুক্তিযোদ্ধা বৃন্দ সহ কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক মন্ডলী, যুবলীগ ছাত্রলীগ, কৃষকলীগ, তাঁতীলীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতা বর্গ উপস্থিত ছিলেন।

এ সময় প্রধান অতিথির বক্তবে সংসদ সদস্য আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর জানান আপনারা আমাকে না দেখে ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে নির্বাচিত করেছেন এবং আজকে আপনাদের সামনে দুটি কথা বলার সুযোগ করে দিয়েছেন। আমি চাই আপনাদের সাথে থেকে গাংনীর প্রতিটি প্রান্তরে উন্নয়নের বিপ্লব ঘটাতে চাই, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪১ সালের স্মার্ট বাংলাদেশ বিনির্মানে আমরা গাংনী বাসী সেই উন্নয়নের অংশীদার হতে চাই, আরেকটি কথা এই নির্বাচন কে কেন্দ্র করে ভোটের সময় বিভিন্নভাবে বিভিন্ন দিকে মানুষ ভোট করেছে আমি বলব ভেদাভেদ ভুলে গিয়ে প্রতিহিংসা দূরে রেখে আগামীর গাংনীর সর্বোচ্চ উন্নয়ন ঘটাতে আপনারাও আমাদের সাথে অংশ নিন একটি মডেল গাংনী উপহার দিতে আমি আপনাদের সাথে নিয়ে কাজ করতে চাই। তাই আসুন আমরা কাধে কাধ মিলিয়ে এক সাথে বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়ন করি। আপনারা পাশে থাকলে আগামী দিনে গাংনী হবে স্মার্ট গাংনী, আগামী দিনে গাংনী হবে একটি মডেল গাংনী, আগামী দিনে গাংনী হবে বাংলাদেশের অন্যতম উপজেলা যে উপজেলা বাংলাদেশের মানুষের কাছে পরিচিত পাবে। তাই আপনারা যদি আমার পাশে থাকেন আপনাদের সাথে নিয়ে এই গাংনীর স্কুল, কলেজ, প্রাথমিক বিদ্যালয়, রাস্তাঘাট, মসজিদ, মাদ্রাসা, ব্রীজ, কালভার্ট থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে উন্নয়নের ছোয়া লাগাতে চাই।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে নিরাপদ খাদ্য দিবস উদযাপন

স্বাস্থ্য, পুষ্টি ও সমৃদ্ধি চাই নিরাপদ খাদ্যের বিকল্প নাই” এ প্রতিপাদ্যে মেহেরপুর গাংনীতে জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আজ মঙ্গলবার বিকেলে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রধান কার্যালয়ে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগীতা এবং আলোচনা সভার আয়োজন করে পিএসকেএস।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা ইশরাত জাহান।

আলোচনা শেষে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগীতায় অংশ গ্রহন করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও বিআর লাইসিয়াম স্কুলের শিক্ষার্থীরা। এসময় বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

পিএসকেএস এর কৃষি ইউনিটের সহযোগীতায় নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে পিএসকেএস এর কৃষি অফিসার মাসুদ রানাসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

গাংনীতে আশ্রয় নারী উন্নয়ন সংস্থার উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

“ভাল থাকা ও ভালো রাখা” শ্লোগান নিয়ে গাংনীতে “আশ্রয় নারী কল্যাণ সংস্থা”র উদ্যোগে অসহায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে সংস্থার কার্যালয়ে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থা’ র সহসভাপতি ঝুমুর আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তী, গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন, উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক আজিজুল হক রানু।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক রাহিয়া রাহির সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) রিপন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, নিজ নিজ যায়গা থেকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর উচিৎ। শুধু সরকারি সাহায্য সহযোগীতা নয়, অসহায় দরিদ্র মানুষের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। টাকার দিক দিয়ে নয়, যারা মনের দিক থেকে বড় তাদেরকেই বড় হিসেবে দেখতে হবে।

প্রধান অতিথি প্রীতম সাহা আরও বলেন, আমাদের সন্তানদের লেখাপড়া শেখাতে হবে। তারাও যেনো বড় হয়ে মানুষের পাশে দাঁড়াতে পারে। নিজ নিজ সন্তানকে মাদক, ইভিটিজিং, সন্ত্রাস ও বাল্য বিবাহমুক্ত রাখার অনুরোধ করেন তিনি এবং সবাই মিলে গাংনীকে বাসযোগ্য, মানবিক ও সুন্দর উপজেলা গড়ে তুলতে হবে বলে জানান।

উল্লেখ, আশ্রয় নারী উন্নয়ন সংস্থা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুরে বাঁধন কার্যক্রমের ১ বছর পূর্তি ও নতুন অফিস কক্ষের উদ্বোধন

মেহেরপুর সরকারি কলেজ বাঁধন (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) কার্যক্রমের ১ বছর পূর্তি ও নতুন অফিস কক্ষ উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে মেহেরপুর সরকারি কলেজের হল রুমে বাঁধন (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) কার্যক্রমের ১ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে নতুন অফিস কক্ষের উদ্বোধন করা হয়।

মেহেরপুর সরকারি কলেজ বাঁধনের (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) আহবায়ক সবুজ আলীর সভাপতিত্বে রাষ্ট্রবিজ্ঞানের সরকারি অধ্যাপক বশির আহমেদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ড. এ. কে. এম. নজরুল কবীর।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজ রাষ্ট্রবিজ্ঞানের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, অর্থ অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক হাবিবুর রহমান, রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল লতিফ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে প্রভাষক তৌফিকুল ইসলাম সহ বাঁধন (স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন) এর সদস্যরা উপস্থিত ছিলেন।